QF-HRM-41

**গত ১৫/১২/১৩ইং তারিখ পিজিসিবি ব্যবস্থাপনা প্রতিনিধি ও পিজিসিবি শ্রমিক কর্মচারী লীগ, বি-২১১৭ (সিবিএ)-এর প্রতিনিধি'র মধ্যে প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ ঃ**

গত ১৫/১২/১৩ইং তারিখ রবিবার, বিকাল ৪.০০ ঘটিকায় পিজিসিবি'র বোর্ড রুমে পিজিসিবি ব্যবস্থাপনা বনাম সিবিএ-এর মধ্যে দ্বি-পাক্ষিক আলোচনা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পিজিসিবি লিঃ-এর ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব চৌধুরী আলমগীর হোসেন। সভার প্রারম্ভে সভার সভাপতি ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর তালিকা সংযোজনী-১ এ দেখা যেতে পারে।

| ব্যবস্থাপনার পক্ষে উপস্থিত কর্মকতাগণের নাম ও পদবী | | সিবিএ এর পক্ষে উপস্থিত নেতৃবৃন্দের নাম ও পদবী | |
|---|---|---|---|
| ১. | জনাব চৌধুরী আলমগীর হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক | ১. | জনাব মোঃ আব্দুল হাই<br>সভাপতি (কেনিক) |
| ২. | জনাব মোঃ জিন্নাতুল হক<br>নির্বাহী পরিচালক (এইচআরএম) | ২. | জনাব মোঃ নূরুল আমীন<br>সাধারন সম্পাদক (কেনিক) |
| ৩. | জনাব তপন কুমার রায়<br>নির্বাহী পরিচালক (ওএন্ডএম) | ৩. | জনাব মোঃ ইফতেখার হোসেন<br>কার্যকরী সভাপতি (কেনিক) |
| ৪. | জনাব মোঃ নূরুজ্জামান হাওলাদার<br>ব্যবস্থাপক (এইচআরএম) | ৪. | জনাব মোঃ হিমেল খান<br>সাংগঠনিক সম্পাদক (কেনিক) |
| ৫. | জনাব মীর মোতাহার হোসেন<br>নির্বাহী প্রকৌশলী এটাচ টু এমডি | ৫. | জনাব মোঃ মোবারক হোসেন<br>অর্থ সম্পাদক (কেনিক) |
| ৬. | জনাব মোহাম্মদ আতাউল করিম<br>উপ-ব্যবস্থাপক (সার্ভিস) | ৬. | জনাবা মোরশেদা আক্তার<br>মহিলা সম্পাদক (কেনিক) |

আলোচনার শুরুতে সিবিএ-এর সাধারণ সম্পাদক কর্মচারীদের পদোন্নতি প্রদান করায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সিবিএ'র পক্ষ হতে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন। অতঃপর ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ে সভার সকলকে কে অবহিত করেন এবং এজেন্ডা ভিত্তিক আলোচনার নির্দেশনা প্রদান করেন।

দ্বিপাক্ষিক আলোচনার সারসংক্ষেপ ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ ঃ

| ক্র.নং | এজেন্ডা | আলোচনার সার-সংক্ষেপ | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিত টেক. এ্যাটেনডেন্টদের দায়েরকৃত মামলাসহ অন্যান্য মামলা ঃ | সভায় জানানো হয় যে, টেক. এ্যাটেনডেন্ট নিয়োগ বিষয়ে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিত ০৬ জন শ্রমিক শ্রম আদালতে পৃথক ০৬ (ছয়)টি মামলা দায়ের করেন (তালিকা সংযুক্ত)। উক্ত শ্রমিকদের মধ্যে ০৩ জন শ্রমিক (সংযুক্ত তালিকায় ক্রমিক-৭, ৮ ও ১২) দৈনিক মজুরী ভিত্তিতে চাকুরী প্রাপ্তি সাপেক্ষে মামলা প্রত্যাহারের বিষয়ে আবেদন করেছেন। মামলার বিষয়টি তাদের ভুল সিদ্ধান্ত ছিল বলে তারা আবেদনে উল্লেখ করেছেন। এ প্রেক্ষিতে মানবিক দিক বিবেচনায় তাদের আবেদন মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সিবিএ'র সাধারণ সম্পাদক সভায় অনুরোধ জানান। | নিয়োগ সংক্রান্ত ০৬টি (মামলা নং ৭-১২) সহ মামলা নং-২ ও ৫ প্রত্যাহার করার বিষয়ে সিবিএ নীতিগত সম্মতি প্রদান করে। |

| ক্র.নং | এজেন্ডা | আলোচনার সার-সংক্ষেপ | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এই মর্মে মত প্রকাশ করেন যে, যেহেতু ০৬ জন শ্রমিক একত্রে মামলা দায়ের করেছেন সেহেতু সকলকে নিঃশর্ত ভাবে মামলা প্রত্যাহার করতে হবে। যে ০৩ জন শ্রমিক মামলা প্রত্যাহার বিষয়ে আবেদন করেন নাই তাদের সঙ্গে সিবিএ-এর সাধারণ সম্পাদক এবং ব্যবস্থাপক (এইচআরএম) কে আলোচনার নির্দেশ প্রদান করেন।<br><br>মামলা নং-১ এর বিষয়ে সিবিএ'র সাধারন সম্পাদক জানান যে, খুব শীঘ্রই মামলাটির রায় ঘোষনা হতে পারে। মামলা নং-২ এর বিষয়ে জানানো হয় যে, টিআরটিইউ-বগুড়া দপ্তরটি ইতোমধ্যে বগুড়ায় স্থানান্তরিত হয়েছে এবং তদস্থলে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এইচভিডিসি) এর দপ্তর স্থাপনের কার্যক্রম চলমান বিধায় এ মামলাটি প্রত্যাহার করতঃ নিস্পত্তি করা যেতে পারে। এ বিষয়ে সিবিএ নীতিগতভাবে তাদের সম্মতি জানায়।<br><br>এছাড়াও সংযুক্ত তালিকার ক্রমিক নং-৩ ও ৪ এ আউট সোর্সিং প্রক্রিয়ার বিরুদ্ধে দায়েরকৃত দুইটি মামলা বিষয়ে সিবিএ'র সভাপতি জানান যে মামলার বাদীগণ এই মূহূর্তে মামলা দুইটি প্রত্যাহারে সম্মত হন নাই। সিবিএ পরববর্তীতে আলোচনার মাধ্যমে মামলা প্রত্যাহারের জন্য তাদের অনুরোধ করবে।<br><br>এছাড়াও সংযুক্ত তালিকার ক্রমিক নং ৫ এ বর্ণিত "কোম্পানীর মুনাফায় শ্রমিকের অংশগ্রহণ" তহবিলের অর্থ বন্টন সংক্রান্ত মামলাটি যে জন্য দায়ের করা হয়েছিল, উক্ত তহবিলের অর্থ ইতোমধ্যে সংশ্লিষ্টদের মধ্যে বন্টন করা হয়েছে বিধায় মামলাটি নিস্পত্তি করা যেতে পারে মর্মে নীতিগত সিদ্ধান্ত হয়। | মামলা প্রত্যাহার করা হলে এ বিষয়ে বোর্ড লিগ্যাল কমিটির পরামর্শ গ্রহণ করতঃ বিহিত ব্যবস্থা নেয়া হবে। |
| ২. | নিরাপত্তা প্রহরী, ম্যাসেঞ্জার ও অফিস এ্যাটেনডেন্টদের বেতন বৈষম্য দূরকরণ বিষয়ে আলোচনাঃ | আলোচ্য বিষয়ে সিবিএ'র সাধারণ সম্পাদক জানান যে, চাকুরী বিধি মতে ম্যাসেঞ্জার ও অফিস এ্যাটেনডেন্টদের নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি অপরদিকে নিরাপত্তা প্রহরী, মালি ও সুইপারদের যোগ্যতা ৮ম শ্রেণী পাস। কিন্তু নিরাপত্তা প্রহরীদের বেতন স্কেল ৮৫০০/- যা ম্যাসেঞ্জারদের বেতন স্কেলের সমান কিন্তু অফিস এ্যাটেনডেন্টদের বেতন স্কেল ৭৭৫০/- টাকা অপেক্ষা অধিক যা অনিয়মতান্ত্রিক, বৈষম্যমূলক এবং শ্রম আইন পরিপন্থি।<br><br>এ বিষয়ে উপ-ব্যবস্থাপক (এইচআরএম) সভায় জানান যে, বিউবোর্ড হতে আত্মীকরণের সময় সমমানের পদের ভিত্তিতে বেতন স্কেল প্রদান করা হয়। সে সময় অফিস এ্যাটেনডেন্টদের চাকুরী মেয়াদকালের ভিত্তিতে গ্রেড-১ (বর্তমান ৮৫০০/- টাকা স্কেল) এবং গ্রেড-২ (৭৭৫০/- টাকা স্কেল) প্রদান করায় এ বৈষম্য সৃষ্টি হয়েছে। | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এ বিষয়ে একটি কার্যপত্র এ্যাডমিনিস্ট্রেটিভ এ্যফেয়ার্স কমিটিতে উপস্থাপনের জন্য ব্যবস্থাপক (এইচআর)কে নির্দেশনা প্রদান করেন। |

| ক্র.নং | এজেন্ডা | আলোচনার সার-সংক্ষেপ | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | নির্বাহী পরিচালক (ওএন্ডএম) এ বিষয়ে তাঁর মতামত ব্যক্ত করে বলেন যে, শিক্ষাগত যোগ্যতার নীরিখে অবশ্যই অফিস এ্যাটেনডেন্টদের বেতন স্কেল নিরাপত্তা প্রহরী পদের উপরে হওয়া বাঞ্ছনীয়।<br><br>ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জানান যে, বিষয়টি যেহেতু পূর্ব হতে চলে আসছে সেহেতু দু'টি পদের বেতন স্কেল সমান করে সমতা বিধান করতঃ আপাতত বৈষম্য দূর করা যেতে পারে। | |
| ৩. | শূন্য পদে লোকবল নিয়োগ প্রসঙ্গেঃ | সিবিএ'র সভাপতি সম্প্রতি পিজিসিবি'র তত্ত্বধানে পরিচালিত মেসার্স আবুল খায়ের, টি.কে ও মর্ডান স্টীল এর বিদ্যুৎ উপকেন্দ্রে দৈনিক মজুরীতে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের বোর্ডের সিদ্ধান্তে চাকুরী নিয়মিত করার বিষয়টি উপস্থাপন করেন। এ প্রেক্ষিতে তিনি পিজিসিবিতে দৈনিক মজুরীতে নিয়োজিতদের শূন্য পদের বিপরীতে চাকুরী নিয়মিত করার জোর দাবী জানান। বিশেষ করে টেকনিক্যাল এ্যাটেনডেন্ট, গাড়ীচালক এবং পোষ্য হিসেবে নিয়োজিতদের বিষয়টি তিনি উল্লেখ করেন।<br><br>সিবিএ'র সাধারণ সম্পাদক কাজের চাহিদা ও শূন্য পদ বিবেচনায় টেকনিক্যাল এ্যাটেনডেন্ট পদে আপাতত দৈনিক মজুরীতে কিছু সংখ্যক লোকবল নিয়োজিত করার বিষয়ে দাবী জানালে নির্বাহী পরিচালক (ওএন্ডএম) এবং নির্বাহী পরিচালক (এইচআরএম) উভয়ই এ বিষয়ে নীতিগতভাবে সম্মতি জানান। | কাজের চাহিদা মোতাবেক এ বিষয়ে পরবর্তীতে ব্যবস্থা নেয়া হবে মর্মে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় আশ্বস্ত করেন এবং নির্বাহী পরিচালক (ওএন্ডএম ও এইচআরএম) এর মাধ্যমে একটি সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করার জন্য ব্যবস্থাপক (এইচআর)কে নির্দেশ দেন। |
| ৪. | আইইবি ভবনের নিচ তলায় সভা-সমাবেশ প্রসঙ্গে; | আইইবি ভবনের নিচ তলায় সিবিএ ও অন্যান্য সংগঠন কর্তৃক সভা-সমাবেশ আয়োজন করার প্রেক্ষিতে আইইবি কর্তৃপক্ষ তাদের অসুবিধার কথা জানিয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর একটি চিঠি প্রদান করেছেন। বিষয়টি সভায় সকলকে অবহিত করা হয়।<br><br>এ বিষয়ে সিবিএ-এর পক্ষ থেকে জানানো হয় যে, সিবিএ-এর পক্ষ হতে সম্প্রতি কোন সভা-সমাবেশ আয়োজন করা হয়নি। যে তারিখের সমাবেশের কথা পত্রে উল্লেখ করা হয়েছে সে তারিখে পিজিসিবি কর্মকর্তা-কর্মচারী কল্যাণ সমিতির সভা অনুষ্ঠিত হয়েছিল। তবে ভবিষ্যতে আইইবি ভবনের নিচ তলায় কোন সভা-সমাবেশ আয়োজনের পূর্বে তারা আইইবি কর্তৃপক্ষকে অবহিত করবে। | বিষয়টি পিজিসিবি'র অন্যান্য সংগঠনকে অবহিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |

QF-HRM-41

| ক্র.নং | এজেন্ডা | আলোচনার সার-সংক্ষেপ | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৫. | পদবী পরিবর্তন ঃ | সিবিএ'র কার্যকরী সভাপতি সম্প্রতি কারিগরী কর্মকর্তাদের পদবী পরিবর্তনের বিষয়টি সভায় উত্থাপন করেন। এ প্রেক্ষিতে সিবিএ-এর পক্ষ হতে কর্মচারীদের পদবী পরিবর্তনের বিষয়ে সম্প্রতি ব্যবস্থাপনাকে একটি পত্র প্রদান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | বিষয়টি বিস্তারিত পরীক্ষান্তে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। |

সভায় অন্য আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

02.03.১৪

(চৌধুরী আলমগীর হোসেন)
ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক

*প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে ঃ*

১. মহাব্যবস্থাপক (অর্থ/পিএন্ডএ), পিজিসিবি, ঢাকা।
২. উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম/সার্ভিস), পিজিসিবি, ঢাকা।
৩. ব্যবস্থাপক (এইচআরএম/নিরাপত্তা), পিজিসিবি, ঢাকা।
৪. সভাপতি/সাধারণ সম্পাদক, সিবিএ, পিজিসিবি, ঢাকা।

*সূত্র নং-পিজিসিবি/এইচআরএম/জি-৪১/দ্বি-পাক্ষিক/* ৬৭

*তারিখঃ ০২/০১/২০১৪ইং*

০২.০১.১৪ইং

(মোহাম্মদ আতাউল করিম)
উপ-ব্যবস্থাপক (এইচআরএম)

*অনুলিপিঃ*

১. নির্বাহী পরিচালক (এইচআরএম/ অর্থ/ ওএন্ডএম/ পিএন্ডডি), পিজিসিবি, ঢাকা।
২. সভাপতি/সাধারণ সম্পাদক, ......................................
৩. অফিস কপি/মাষ্টার কপি।

F:\2014\SA-PGCB\C.B.A\Minutes-C.B.A.doc